# তৃতীয়বার চলচ্চিত্রের পর্দায় জুটি হচ্ছেন শাকিব-ইধিকা



ছবি: সংগৃহীত

শাকিব খান ও ইধিকা পালকে নিয়ে নতুন করে আলোচনা শুরু হয়েছে ঢালিউডে। মেহেদী হাসান হৃদয়ের আসন্ন সিনেমা 'নিঃস্ব'-এ এই দুই তারকাকে আবারও একসঙ্গে দেখা যেতে পারে বলে গুঞ্জন ছড়িয়েছে। সত্যি হলে এটি হবে পর্দায় তাদের তৃতীয় জুটি।

'নিঃস্ব' সিনেমায় শাকিব খানের অভিনয় ইতোমধ্যে নিশ্চিত করেছেন পরিচালক। তবে তাঁর বিপরীতে কে থাকছেন, সে বিষয়ে এখনো আনুষ্ঠানিক সিদ্ধান্ত হয়নি।

পরিচালক মেহেদী হাসান হৃদয়ের ভাষ্য অনুযায়ী, এখন পর্যন্ত কোনো নায়িকার সঙ্গে চূড়ান্ত চুক্তি হয়নি। সম্ভাব্যদের তালিকায় ইধিকা পালের নাম রয়েছে। নায়িকা নির্বাচন নিয়ে শিগগিরই সিদ্ধান্ত নেওয়া হবে এবং এক সপ্তাহের মধ্যে বিষয়টি জানানো হতে পারে।

এর আগে ২০২৩ সালে হিমেল আশরাফের 'প্রিয়তমা' সিনেমার মাধ্যমে শাকিব ও ইধিকার জুটি প্রথমবার বড় পর্দায় আসে। সিনেমাটি দর্শকদের মধ্যে ব্যাপক সাড়া ফেলে। দুই বছর পর ২০২৫ সালে মেহেদী হাসান হৃদয়ের 'বরবাদ' সিনেমায় ফের একসঙ্গে অভিনয় করেন তারা। ওই ছবিটিও ব্যবসায়িকভাবে সফল হয় এবং প্রযোজকের পক্ষ থেকে এটিকে ঢালিউডের সর্বোচ্চ আয়ের সিনেমা হিসেবে দাবি করা হয়েছিল।

এদিকে 'নিঃস্ব'-এর চিত্রনাট্য নিয়ে বর্তমানে শেষ মুহূর্তের কাজ চলছে। নির্মাতার পরিকল্পনা অনুযায়ী, সব প্রস্তুতি শেষ হলে অক্টোবরেই সিনেমাটির শুটিং শুরু হতে পারে।

অ্যাকশন ঘরানার চরিত্রে শাকিব খানকে দেখা গেলেও গল্প বলার ধরন ও নির্মাণশৈলীতে ভিন্নতা রাখার কথা জানিয়েছেন পরিচালক। আগামী বছরের রোজার ঈদকে কেন্দ্র করে সিনেমাটি মুক্তির পরিকল্পনা করা হচ্ছে।